

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯৬

১/ বিবিধ

আরবী

ليستتر أحدكم في الصلاة بالخط بين يديه، وبالحجر، وبما وجد من شيء، مع أن  
المؤمن لا يقطع صلاته شيء  
منكر

رواه ابن عساكر (2 / 395 / 1) من طريق حمزة بن يوسف إجازة قال: قال أبو أحمد  
محمد بن أحمد بن الغطريف: أخبرنا أبي أخبرنا إسحاق بن أبي عمران الإستراباذي  
أخبرنا حيون بن المبارك البصري - بمصر - : أخبرنا محمد بن عبد الله الأنصاري  
أخبرنا أبي عن جدي عن أنس مرفوعا. وهذا سند رجال كلهم ثقات معروفون، غير  
حيون هذا أورده الذهبي لهذا الحديث، وقال: " رواته ثقات غير حيون، والخبر منكر ".  
والحديث المذكور هو في " تاريخ جرجان " لحمزة بن يوسف السهمي (ص 474 رقم  
1073) معلقا كما رواه عنه ابن عساكر: قال أبو أحمد محمد بن أحمد بن الغطريف  
... وفي الخط حديث آخر مخرج في " ضعيف أبي داود " (107 - 108) والجملة  
الأخيرة منه تخالف أحاديث صحيحة، فانظر " صحيح الجامع " (7984 - 7978)

বাংলা

১৮৯৬। তোমাদের কেউ যেন সালাতের মধ্যে তার সামনে দাগ দেয়ার দ্বারা, পাথর দ্বারা এবং যা কিছু পাবে তার দ্বারা সুতরাহ্ ব্যবহার করে। যদিও মুমিনের সালাতকে কোন কিছুই ভঙ্গ করতে পারে না।

হাদীসটি মুনকার।

এটিকে ইবনু আসাকির (২/৩৯৫/১) হামযাহ্ ইবনু ইউসুফ সূত্রে আবু আহমাদ মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনু গাতরীফ হতে, তিনি তার পিতা হতে, তিনি ইসহাক ইবনু আবু ইমরান ইসতারাবাযী হতে, তিনি হাইউন ইবনুল মুবারাক বাসরী হতে, তিনি মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ আনসারী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফূ হিসেবে বর্ণনা করেছেন।

এ সনদের সকল বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য পরিচিত এ হাইউন ছাড়া। তাকে হাফিয যাহাবী এ হাদীসটির কারণেই উল্লেখ করে বলেছেনঃ হাইউন ছাড়া সকলে নির্ভরযোগ্য, আর হাদীসটি মুনকার।

সুতরাহ হিসেবে দাগ দেয়ার ব্যাপারে আরেকটি দুর্বল হাদীস “যঈফু আবী দাউদ” গ্রন্থে (১০৭-১০৮) তাখরীজ করেছি। এছাড়াও এ হাদীসের শেষাংশ কতিপয় সহীহ হাদীস বিরোধী। দেখুন “সহীহ জামেউস সাগীর” (৭৯৭৮-৭৯৮৪)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72779>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন